# উপজেলা পরিষদ কার্যালয়

## লালমনিরহাট সদর, লালমনিরহাট

**বিষয়** **: উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি** **: অভিজিত চৌধুরী**
প্রশাসক, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ২২/০৪/২০২৫খ্রি.

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২০/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, লালমনিরহাট | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, চলমান ডেঙ্গু পরিস্থিতিসহ অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধে মাঠ পর্যায়ে আন্তব্যক্তিক যোগাযোগ এবং কমিউনিটি ক্লিনিক ও টিকাদান কেন্দ্রসমূহে স্বাস্থ্য শিক্ষা লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ০২ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে ১১৫৬০ হেক্টর জমিতে বোরো ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল অর্জন হয়েছে ১১৫০৫ হেক্টর। রোপা আউশ লক্ষমাত্রা ছিল ২৪০০ হেক্টর অর্জন হয়েছে ২৪০০ হেক্টর। পাট লক্ষমাত্রা ছিল ২২১০ হেক্টর অর্জন হয়েছে ২২১০ হেক্টর, ভুট্টা লক্ষ্যমাত্রা ছিল২১২০ অর্জন হয়েছে ২১৩০ হেক্টর এবং শাকসবজির লক্ষ্যমাত্রা ছিল ১৪০৫ হেক্টর অর্জন হয়েছে ১৪০৫ হেক্টর।<br>বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। এছাড়া প্রণোদনা কর্মসূচীর আওতায় অড়হড় ২০ জন ও আউশ ৯৪০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) চলতি মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার বীজ ও সার যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল, সদর, লালমনিরহাট | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষ্যে অনেক খামারী গবাদি পশু মোটাতাজাকরণ করে থাকেন। কোন কোন খামারী গবাদি পশু মোটাতাজা করার ক্ষেত্রে হরমোন প্রয়োগ করে থাকেন যা গবাদি পশু এবং মানব দেহের জন্য অত্যন্ত ক্ষতিকর। এ বিষয়ে মাঠ পর্যায়ে খামারিদের সচেতন করা হচ্ছে। তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণকে গরু মোটাতাজা করণে স্টোরয়েট বা হরমোন জাতীয় ঔষধ ব্যবহার না করার জন্য প্রচার প্রচারনা চালানোর পাশাপাশি সচেতনতাবৃদ্ধির আহবান জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনাসহ গবাদি পশু মোটাতাজা করণের জন্য স্টোরয়েট বা হরমোন ব্যবহারের নিরুৎসাহিত করার প্রচার প্রচারনা চালাতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

চলমান পাতা-০২

<table>
<tr>
<td>০৪</td>
<td>সিনিয়র উপজো মৎস্য অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>জাটকা সংরক্ষণে অভিযান</td><td>০৩টি</td></tr>
<tr><td>০২</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>০৮জন</td></tr>
<tr><td>০৩</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৫</td><td>মৎস্য হ্যাচারী পরিদর্শন</td><td>০৩টি</td></tr>
<tr><td>০৬</td><td>মৎস্য চাষির প্রশিক্ষণ</td><td>৪০জন</td></tr>
<tr><td>০৭</td><td>জাটকা সংরক্ষণ অভিযান</td><td>০৩টি</td></tr>
</table>
</td>
<td>(ক) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে।<br>অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td>
<td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে৷ শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে৷</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের NTRCA কর্তৃক প্রেরিত শিক্ষক চাহিদা সংশোধন পূর্বক অনলাইনে অর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। একাদশ শ্রেণির উপবৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অনলাইনে আবেদনের কাজ চলমান রয়েছে। ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির উপবৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় অনলাইনে আবেদনের কাজ শুরু হয়েছে এবং ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখে শেষ হবে। পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)-স্কিমের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের স্কুল/মাদ্রাসা/ কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুষ্ঠান (SMAG/MMAG/ GBAG) ও উপজেলা শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার (UBTA/TBTA) এর সুবিধাভোগী নির্বাচনের জন্য আবেদন অত্রাফিসে জমা গ্রহণ করা হয়েছে এবং কমিটি কর্তৃক নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যন্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td>
<td>সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে৷ শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে৷</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনকরাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা প্রকৌশলীর কার্যালয়</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) টেন্ডারের অনলাইন লটারী সম্পন্ন করা হয়েছে। নীতিমালা মোতাবেক ঠিকাদার কর্তৃক চুক্তিসম্পাদন শেষ হলে কার্যাদেশ প্রদান করা হবে।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের নির্দেশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের সরকারী কোয়ার্টারটি সরেজমিন পরিদর্শন দেখা যায় যে, দীর্ঘদিন মেরামত/সংস্কার না হওয়ায় ভবনটি জরাজীর্ণ হয়ে পরেছে। ফলে জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। সে মোতাবেক প্রয়োজনীয়তা এবং বাস্তবতার নিরিখে ১,৯৯,৪৩৫/- (একলক্ষ নিরানব্বই হাজার চারশত পয়ত্রিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের নিমিত্ত সভায় অনুমোদনের জন্য অনুরোধ জানান।</td>
<td>(ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) অনুমোদিত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি রক্ষনাবেক্ষন এবং ব্যবহার উপযোগি করার স্বার্থে মেরামত/সংস্কারের নিমিত্ত উপস্থাপিত ১,৯৯,৪৩৫/- (একলক্ষ নিরানব্বই হাজার চারশত পয়ত্রিশ) টাকার প্রাক্কলন অনুমোদনসহ নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদন করা হলো।<br>১) মোঃ ইদ্রিস আলী, ইউপি চেয়ারম্যান, কুলাঘাট ইউপি- সভাপতি<br>২) উপজেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট সদর -সদস্য-সচিব<br>৩) উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর-সদস্য<br>৪) উপজেলা একাডেমিক সুপার ভাইজার, লালমনিরহাট সদর - সদস্য<br>৫) সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর- সদস্য</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, PEDP-4 এর আওতায় লালমনিরহাট সদর উপজেলাধীন হারাটি ইউনিয়নের কিশামত হারাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণের জন্য টেন্ডারের যাবতীয় প্রক্রিয়া সম্পন্নপূর্বক ঠিকাদার নির্বাচন করা হয়েছে। ঠিকাদারসহ বিদ্যালয়টির লে-আউট প্রদান কালে দেখা যায় প্রাথমিক বিদ্যালয়ের জায়গা সংকুলান না থাকায় লে-আউট প্রদান করা সম্ভব হয় না। জায়গা সংকুলান না হওয়ার বিষয়ে প্রধান শিক্ষক কে পত্র দ্বারা অবগত করা হলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং কিশামত হারাটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদ্বয় উভয়ে আলোচনা সাপেক্ষ্যে উচ্চ বিদ্যালয়ের জায়গা (বিনিময়) এর মাধ্যমে জায়গা নির্ধারণ করেন এবং উচ্চ বিদ্যালয়ের জায়গায় বিদ্যালয়টি নির্মাণের জন্য সর্বসম্মতি জ্ঞাপন করে রেজুলেশন দাখিল করেন। উল্লেখ্য যে, কিসামত হারাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং উচ্চ বিদ্যালয় একই মাঠে অবস্থিত। পরবর্তীতে উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে একমত পোষন করেন। তিনি সভায় বিষয়টি অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | PEDP-4 এর আওতায় হারাটি ইউনিয়নের কিশামত হারাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |
| ৯ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে লালমনিরহাট সদর এলএসডি গোডাউনে চাল মজুদ রয়েছে ৩৫১১.৮৭৪ মে.টন, গম মজুদ রয়েছে ৭১৮.৯৪৫ মে.টন এবং তিস্তা এলএসডি গোডাউনে চল মজুদ রয়েছে ৫৩৭.৩০৮ মে.টন। এ বছর বোর চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৬১৩৭ মে.টন, ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৮০৫ মে.টন। এ বছর সরকার কর্তৃক ধান ক্রয় প্রতিকেজি ৩৬টাকা দরে এবং সিদ্ধ চাল ৪৯ টাকা দরে ক্রয় করা হবে। ওএমএস কার্যক্রমের আওতায় লালমনিরহাট পৌরসভায় ০৫টি কেন্দ্রে ৩০/-টাকা কেজি দরে চাল এবং ২৪/- টাকা কেজি দরে আটা খোলা বাজারে বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ও এমএস কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ভাতাসহ অন্যান্য ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিভিন্ন জটিলতা নিরসন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অফিস | সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র, সদর, লালমনিরহাট | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে এবং এ উপজেলায় অবৈধ করাতকলগুলোর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে এবং সার্টিফিকেট মামলাগুলো নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ১৭ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর লালমনিরহাট | সভায় সহকারী প্রকৌশলী জানান যে, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানাগেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সদর লালমনিরহাট | সহ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং খেলাপিঋন আদায়ে তৎপর হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান অফিস, সদর লালমনিরহাট | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | উপজেলা সমবায় কর্মকতার কার্যালয়, সদর লালমনিরহাট | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং খেলাপিঋন আদায়ে তৎপর হতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনকে জানাতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | সহকারী প্রকৌশলীর কার্যালয়, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, সদর লালমনিরহাট | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৩ | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), সদর লালমনিরহাট | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সভায় জানান যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক গত ০৫/০৩/২০২৫ তারিখে পঞ্চগ্রাম ইউনিয়নের সিন্দুরিয়া গ্রামে (০৮ নং ওয়ার্ড) এবং ০৬/০৩/২০২৫ তারিখে গোকুন্ডা ইউনিয়নের গোড়বারের ঘাট গ্রাম (০১ নং ওয়ার্ড) ১১/০৩/২০২৫ তারিখে রাজপুর ইউনিয়নের চন্ডীমারী গ্রামে (০৭ নং ওয়ার্ডে) এবং ১৭/০৩/২০২৫ তারিখে গোকুন্ডা ইউনিয়নের পশ্চিম গুড়িয়াদহ গ্রামে (১নং ওয়ার্ডে) ফেব্রুয়ারি ২০২৫ মাসে ০৪টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। এছাড়া ডোর টু ডোর সেবা ও তথ্যকেন্দ্র থেকে বিভিন্ন চাকরীর আবেদন, প্রয়োজনীয় তথ্য প্রদান ও বিনামূল্যে মহিলাদের স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | তথ্যসেবা কেন্দ্রের ডোর টু ডোর সেবা প্রদান কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(অভিজিত চৌধুরী)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

চলমান পাতা-০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৪ - ৪৬৬ (৪০) তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ / ২৩ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০২. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৪. উপজেলা............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৫. জনাব.................................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

(অভিজিত চৌধুরী)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট